

একবার এক বিদেশী বণিক আকবরের দরবারে আসেন-



মেহরজাদ শামস,  
আপনার কাছে  
আমাদের জন্য কী  
রোমাঞ্চকর খবর আছে?

মহারাজ, আমি আপনার সামনে একটি অনন্য  
বিনিয়োগের সুযোগ উপস্থাপন করছি, স্বর্ণ ময়ূর বন্দস।



এতে এমন বিশেষ  
কী আছে?

এই বস্তুর প্রতিটি শেয়ার দশগুণ  
রিটার্ন দেবে। ইতিমধ্যেই অনেক রাজ্য  
বৈদেশিক বাণিজ্যে এটিকে রাজকীয়  
মুদ্রা হিসেবে ব্যবহার করছে।



দশ-গুণ! সত্যিই  
অসাধারণ!

মহারাজ, আপনার অর্থমন্ত্রী হিসেবে,  
আমাকে এটি দেখার অনুমতি দিন।



তাহলে আমি এর  
100টি শেয়ার কিনব।

হুম... এটাতে সত্যি  
বলেই মনে হচ্ছে।

আমি অবিলম্বে বিক্রির  
ব্যবস্থা করব, মহারাজ।




হঠাৎ-

মাফ করবেন, হুজুর।  
সমরকন্দ থেকে আপনার জন্য  
একটা জরুরি বার্তা আছে।




বার্তাটি সুলতান রাজার কাছ থেকে এসেছে... তিনি স্বর্ণ-ময়ূর শেয়ারের জন্য দ্বিগুণ টাকা দিতে রাজি।

ঐ ধূর্ত! সবকিছুতেই আমার সঙ্গে পাল্লা দেয়!



সুলতান রাজা যদি এই চুক্তিটি পায়, তাহলে সমরকন্দ আমাদের সাম্রাজ্যের চেয়েও সমৃদ্ধ হয়ে উঠবে।

মেহরজাদ শামস, সুলতানের প্রস্তাব আপনার ফিরিয়ে দেওয়া উচিত।



মহারাজ, আমি একজন সাধারণ ব্যবসায়ী মাত্র। আমি লাভ চাই, লোকসান নয়।

টাকার ব্যবস্থা করার জন্য আমাদের কয়েকদিন সময় দিন।



অনেক ধন্যবাদ! এই চুক্তি সম্পন্ন করতে আমি শীঘ্রই ফিরে আসব।

ঐ বার্তা আসার সময়টা বড় অদ্ভুত লাগছে।



আমাদের দ্রুততম ষোড়সওয়ারকে অবিলম্বে সমরকন্দে পাঠাও। আমার কিছু যাচাই করার আছে।

জি, হুজুর।



কিছুদিন পর-

আমাদের চুক্তি অনুসারে, এখানে স্বর্ণ ময়ূরের 100টি শেয়ার রয়েছে, মহারাজ।

আর এই নিন চুক্তি অনুযায়ী টাকা।



মেহেরজাদ শামসের মতো প্রতারণকদের থেকে সাবধান থাকুন, যারা মিথ্যা প্রচারণার মাধ্যমে তাদের কাছে থাকা স্টক/বিনিয়োগের মিথ্যা চাহিদা তৈরি করে। তারপর, যখন হঠাৎ করে শেয়ারের দাম বেড়ে যায় এবং গ্রাহকদের আগ্রহ বেড়ে যায়, তখন তারা তা বিক্রি করে মোটা অঙ্কের মুনাফা লাভ করে। এই অবৈধ কাজটিকে “পাম্প অ্যান্ড ডাম্প” কলেঙ্কারী বলা হয়।



# করণীয়

মেহেরজাদ শামসের মতো প্রতারকদের সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দেওয়ার জন্য বীরবল শহরের একজন ঘোষককে নিযুক্ত করেছেন। তাড়াহুড়ো করে ঘোষকটি স্বর্ণ ময়ূর কেলেকারির সাথে সম্পর্কিত ছবিগুলি এলোমেলো করে ফেলেছে। আপনি কি সেগুলিকে সঠিক ক্রমে ফিরিয়ে আনতে সাহায্য করতে পারেন?

